

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.১৭৯.২২. ২৭৮৮

তারিখ-০১/১১/২০২৩

বিষয় : উদ্যোক্তা ঋণ অনুমোদন।

সূত্র : উপপরিচালক, বিআরডিবি, যশোর এর স্মারক নং- ৪৭.৬২.৪১০০.৮৫৯.১৬.০০২.২২.৭৭১ তারিখ- ১১/১০/২০২৩ থি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র প্রকল্পের আওতায় যশোর জেলার ঝিকরগাছা উপজেলাধীন পুন্দেরপুর সর্দার পাড়া মহিলা সমিতির সদস্য জনাব মোছাঃ খাদিজা বেগম (৪০০৪২৩-৪৩-০৯), পিতা/স্বামী: জনাব মোঃ লালটু হোসেন “গাভী পালন” আইজিএ ভিত্তিক উদ্যোক্তা ঋণের একটি প্রকল্প প্রস্তাব দাখিল করেছেন। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর সরেজমিনে পরিদর্শনপূর্বক ২,২০,০০০/- (দুই লক্ষ বিশ হাজার) টাকার উদ্যোক্তা ঋণ অনুমোদনের পুনঃসুপারিশ এবং উপপরিচালক, বিআরডিবি, যশোর কর্তৃক প্রস্তাবটি পুনবিবেচনা পূর্বক অনুমোদনের সুপারিশের প্রেক্ষিতে বর্ণিত প্রকল্প প্রস্তাবের সার্বিক বিষয় বিবেচনা করে নিম্নোক্ত শর্তে ২,২০,০০০ (দুই লক্ষ বিশ হাজার) টাকার উদ্যোক্তা ঋণ অনুমোদন করা হলো। একইসাথে, অত্র দপ্তরের স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০২.১৭৯.২২.১৩৫৩ তারিখ: ০৭/০৯/২০২৩ মূলে জারিকৃত আদেশ বাতিল করা হলো।

শর্তসমূহ :

১. প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের অবশিষ্ট অংশ উদ্যোক্তা নিজস্ব তহবিল হতে অর্থায়ন করবেন;
২. প্রকল্পের স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০২.০৮৪.২১.২০৯, তারিখ: ২৩.০২.২০২২ মূলে জারিকৃত বাস্তবায়ন নির্দেশিকার ৫.১৯ নং অনুচ্ছেদে উল্লেখিত শর্তসমূহ প্রতিপালনসহ করে ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পন্ন করতে হবে;
৩. উপপরিচালক, বিআরডিবি, যশোর বর্ণিত ঋণ আদায় কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ করবেন;
৪. প্রকল্পের স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০২.০৮৪.২১.২০৯, তারিখ: ২৩.০২.২০২২ মূলে জারিকৃত বাস্তবায়ন নির্দেশিকার ৫.২২ থেকে ৫.২৪ অনুচ্ছেদে প্রতিপালন (প্রযোজ্য ক্ষেত্রে) সহ মাসিক কিস্তিতে ঋণ আদায় নিশ্চিত করতে হবে;
৫. মঞ্জুরীকৃত ঋণ উদ্যোক্তার ব্যাংক হিসাবে কেবলমাত্র একাউন্ট পেয়ী চেক অথবা কম্পিউটার প্রিন্ট অ্যাডভাইসের মাধ্যমে ঋণের অর্থ স্থানান্তর করতে হবে। কোন অবস্থাতেই ঋণ গ্রহীতাকে নগদ বা বাহক চেক মারফত ঋণ প্রদান করা যাবে না;
৬. জনপ্রতিনিধি/স্থানীয় গণ্যমান্য ব্যক্তি/জেলা প্রশাসক/উপপরিচালক/উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে ঋণ বিতরণপূর্বক ছবি সংরক্ষণ ও প্রেরণ করতে হবে;
৭. মঞ্জুরীকৃত ঋণ প্রস্তাবিত আইজিএ/প্রকল্প ব্যতীত অন্য কোন খাতে ব্যবহার করা যাবে না;
৮. প্রদত্ত ঋণ প্রস্তাবিত প্রকল্পে বিনিয়োগের পর পরবর্তীতে পরিদর্শনপূর্বক প্রকল্পের ছবি প্রেরণ করতে হবে;
৯. উদ্যোক্তা ঋণ বিতরণ নীতিমালার ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।


মোঃ সাইদুর রহমান
উপপ্রকল্প পরিচালক
ফোন: ০২-৪১০১০৩৪৩

উপপরিচালক
বিআরডিবি, যশোর

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপ প্রকল্প পরিচালক/সহকারী পরিচালক ও মনিটরিং কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, ঝিকরগাছা, যশোর।
৭. অফিস নথি/গার্ড ফাইল।